



নোবিপ্রবি/জনওপ্রকা/প্রেসবিজ্ঞপ্তি/২০২৪/১৭৮৬

২২ ফেব্রুয়ারি ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

## নোবিপ্রবিতে ষষ্ঠ ছায়া জাতিসংঘ সম্মেলনের উদ্বোধন

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) ক্যাম্পাসে তিন দিনব্যাপী (২২-২৪ ফেব্রুয়ারি) ছায়া জাতিসংঘ সম্মেলন-২০২৪ আনুষ্ঠিকভাবে উদ্বোধন করা হয়েছে। ‘এনএসটিইউ মডেল ইউনাইটেড ন্যাশন্স এসোসিয়েশন’ ষষ্ঠবারের মতো এ সম্মেলনের আয়োজন করে। আজ বৃহস্পতিবার (২২ ফেব্রুয়ারি ২০২৪) বিশ্ববিদ্যালয়ের বীর মুক্তিযোদ্ধা হাজী মোহাম্মদ ইদ্রিস অডিটোরিয়ামে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর, নোবিপ্রবি শিক্ষক সমিতির সভাপতি ও শিক্ষা বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. বিপ্লব মল্লিক, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও প্রক্টর অধ্যাপক ড. মোঃ আনিসুজ্জামান, নোবিপ্রবি রেজিস্ট্রার জনাব মোহাম্মদ জসীম উদ্দিন ও সাইকোলজিস্ট জনাব মোঃ আবু তারেক। এসময় সম্মেলনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন “ছায়া জাতিসংঘ সম্মেলন-২০২৪” এর সাধারণ সম্পাদক জনাব মোঃ নাসিম উদ্দিন।

প্রধান অতিথির বক্তব্যে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, এটি ভিন্নধর্মী এবং বিশেষ একটি সম্মেলন। যে বিষয়গুলো এবারের সম্মেলনে আলোচনা করা হবে তা খুবই শিক্ষণীয়। বর্তমান বৈশ্বিক প্রেক্ষাপটে এ ধরনের কনফারেন্স খুবই তাৎপর্যপূর্ণ। মধ্যপ্রাচ্যসহ বিশ্বের বিভিন্ন স্থানে যে যুদ্ধাবস্থা বিরাজ করছে, গোটা বিশ্ব তা নিয়ে উদ্ভিন্ন। আমরাও এ ধরনের পরিস্থিতির অবসান চাই। আমাদেরকে মানবিক মূল্যবোধ নিয়ে এ পরিস্থিতির মোকাবেলা করতে হবে। শিক্ষার্থীদের জন্যও এ ধরনের সম্মেলন খুবই গুরুত্বপূর্ণ। বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে আগত অতিথিবৃন্দসহ সকলকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

নোবিপ্রবি মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর বলেন, আজকের এই অনুষ্ঠানে উপস্থিত থাকতে পেয়ে আমি অত্যন্ত আনন্দিত। প্রতিবছর অত্যন্ত সফলভাবে এ অনুষ্ঠানটি আয়োজিত হচ্ছে, যা প্রশংসার দাবী রাখে। এ আয়োজনের মূল উদ্দেশ্য হচ্ছে ছায়া জাতিসংঘ অধিবেশনের মাধ্যমে তোমরা বিশ্ব রাজনীতি, অর্থনীতি এবং অন্যান্য বিষয় সম্পর্কে সম্যক ধারণা লাভ করবে। এ ধরনের কনফারেন্স ভবিষ্যতেও চলমান থাকবে এ প্রত্যাশা করছি। ভাষার মাসে ভাষা শহিদদের আত্মার মাগফিরাত কামনা করছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

নোবিপ্রবি রেজিস্ট্রার মোঃ জসীম উদ্দিন বলেন, বিশ্ববিদ্যালয়ে এ ধরনের আয়োজন প্রশংসার দাবী রাখে। ছায়া জাতিসংঘ অধিবেশনের মাধ্যমে অনেক বিষয়ে শেখার রয়েছে। এ সম্মেলনের সর্বাঙ্গীণ সাফল্য কামনা করছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

তিন দিনব্যাপী এই সম্মেলনে ‘সুসংহত অবকাঠামো ও শিল্পায়নের মাধ্যমে সাম্প্রতিক সমৃদ্ধির পথে’ বিষয়ে আলোচনা করবেন দেশের বিভিন্ন স্থান থেকে আসা ২২০ জনেরও বেশি শিক্ষার্থী। বিভিন্ন দেশের প্রতিনিধিত্বকারী কূটনীতিকদের ভূমিকায় থাকা শিক্ষার্থীরা কূটনৈতিক দক্ষতা, বিকাশ, নির্দিষ্ট বিষয়ে সঠিক দৃষ্টিভঙ্গি উপস্থাপন এবং রাজনৈতিক বিতর্ক পরিচালনার মানসিকতা উন্নয়নের লক্ষ্যে কাজ করবেন। সম্মেলনে ২০ জন নির্বাহী বোর্ড সদস্য তাদের আলোচনা নিয়ন্ত্রণ ও পরিচালনা করবেন।

উল্লেখ্য, এ বছরের সম্মেলন মোট ছয়টি কমিটি নিয়ে অনুষ্ঠিত হচ্ছে। এর মধ্যে রয়েছে, জাতিসংঘ নিরাপত্তা পরিষদ, বাংলাদেশ বিষয়ক বিশেষায়িত কমিটি, আন্তর্জাতিক প্রেস, নিরস্ত্রীকরণ ও আন্তর্জাতিক নিরাপত্তা কমিটি, জাতিসংঘ মানবাধিকার পরিষদ এবং জাতিসংঘ বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়ন কমিশন।

R. K. M. S. M.

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।